# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 26 June, 2025

২০২৫ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা আজ বৃহস্পতিবার (২৬ জুন) শুরু হয়েছে। সকাল ১০টায় বাংলা প্রথম পত্রের পরীক্ষার মধ্য দিয়ে শুরু হয় লিখিত অংশ, যা চলবে ১০ আগস্ট পর্যন্ত।

রাজধানীর মোহাম্মদপুরে ঢাকা স্টেট কলেজ কেন্দ্রের সামনে সকাল থেকেই ভিড় লক্ষ্য করা গেছে শিক্ষার্থী ও অভিভাবকদের।কেউ এসেছেন বাবা, কেউ মা কিংবা মা-বাবা দুজনকে সঙ্গে নিয়ে।পরীক্ষার সময় বাইরে বসে অপেক্ষা করছেন অনেক অভিভাবক।কারও হাতে ছাতা, কেউ সঙ্গে এনেছেন হাতপাখা ও পানির বোতল।

আবুল হোসেন নামের এক অভিভাবক বলেন, 'আমার ছেলে পরীক্ষা দিচ্ছে।সকাল সাড়ে ৯টায় এসে তাকে নামিয়ে দিয়েছি, এখন ওকে নিয়ে বাসায় ফিরব।'

এই কেন্দ্র থেকে ঢাকা উদ্যান সরকারি কলেজ, কিশলয় উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়, লালমাটিয়া হাউজিং সোসাইটি স্কুল অ্যান্ড কলেজ, বাদশাহ ফয়সাল ইন্সটিটিউট, আলহাজ মকবুল হোসেন কলেজ ও লালমাটিয়া গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা অংশ নিচ্ছেন।

এ বছর মোট পরীক্ষার্থী ১২ লাখ ৫১ হাজার ১১১ জন।এর মধ্যে সাধারণ শিক্ষাবোর্ডে ১০ লাখ ৫৫ হাজার ৪৩৭ জন, মাদ্রাসা (আলিম) বোর্ডে ৮৬ হাজার ৩০২ জন এবং কারিগরি বোর্ডে ১ লাখ ৯ হাজার ৩৭২ জন।সারাদেশে ২ হাজার ৭৯৭টি কেন্দ্রে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থী কমেছে ৮১ হাজার ৮৮২ জন।আগামী ১১ আগস্ট থেকে

ব্যবহারিক পরীক্ষা শুরু হবে।

এইচএসসি এইচএসসি ও সমমানের পরীক্ষা এইচএসসি ২০২৫

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 19:15

URL: https://timestodaybd.com/national/2112273723